দৈনিক ইত্তেফাক

050

তারিখ 21 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 2

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা ॥ সংঘর্ষে আহত ৫

(চট্টগ্রাম অফিস হইতে)

২০শে মার্চ—চট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃপক্ষ কলেজ ছাত্র-সংঘর্ষের প্রেক্ষিতে আজ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা এবং অবিলম্বে ছাত্রদের হোষ্টেল ত্যাগের নির্দেশ দিয়াছেন।

চট্টগ্রাম মেডিকেল কলেজের আন্তঃবিভাগীয় ক্রিকেট খেলাকে কেন্দ্র করিয়া গতরাতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হোষ্টেলে দুই গ্রুপ ছাত্রের মধ্যে সংঘর্ষ হয়। ৫ জন ছাত্র আহত হয়। ২ জনকে চক্ষু বিভাগে ভর্তি করা হয়। তবে হাসপাতাল কর্তৃপক্ষ অসুস্থ ছাত্রদের জন্য নির্ধারিত ছাত্র ওয়ার্ডে ২২জন ছাত্রকে ভর্তি দেখাইয়াছে। সংঘর্ষের সময় দুই পক্ষে ব্যাপক বোমা ও ফাঁকা গুলীবর্ষণ এবং ধাওয়া পাল্টা-ধাওয়া হয়। ছাত্রীকক্ষে আগুন ধরাইয়া দেওয়া হয়। হাসপাতাল ও ছাত্রাবাসের বাহিরে পুলিশকে সতর্ক অবস্থায় রাখা হইয়াছে।

রাত পৌনে ১০টার দিকে একদল যুবক মেডিকেল কলেজ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

(১ম পৃঃ পর)

হোষ্টেলে হামলা চালাইয়া ৩০টি কক্ষে আগুন ধরাইয়া দেয়। রাত সাড়ে ১০টায় দমকল বাহিনী আগুন নিভানোর জন্য যায়।

চট্টগ্রাম হইতে বাসস জানায়, দুই গ্রুপ ছাত্রের মধ্যে সংঘর্ষের কারণে চট্টগ্রাম মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার প্রতিবাদ করিয়াছে ছাত্রলীগের বিভিন্ন শাখা। তাহারা এক বিবৃতিতে বহিরাগতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাইয়াছে।